বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

প্রথম বিশেষ প্রস্তুতিমূলক অ্যাসাইনমেন্ট

এসএসসি-২০২১

বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড-১৪৩

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

ক বিভাগ: সৃজনশীল প্রশ্ন (নম্বর-৭০)

১। জনাব ইয়াসিন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারিত করার জন্য ব্যাংক থেকে ঋণ নিয়ে পরিকল্পনা অনুয়ায়ী কাজ শুরু করেন। অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে তিনি ব্যবসায়কে দ্রুত সম্প্রসারণ করেন এবং এর সফলতাও বৃদ্ধি পেতে থাকে।

ক. সমন্বয়সাধন কী? ১

খ. অর্থ ছাড়া ব্যবসায় সম্প্রসারণ সম্ভব নয়-ব্যাখ্যা কর। ২

গ. জনাব ইয়াসিন কোন ধরনের উৎস থেকে অর্থ সংগ্রহ করেন তা বর্ণনা কর। ৩

ঘ. জনাব ইয়াসিনের মতো ব্যবসায়ীদের ব্যবসার সম্প্রসারণে অর্থ কী ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর। ৪

২। জনাব পারভেজ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি তাঁর প্রতিষ্ঠানের কর্মীবৃন্দের যে আদেশ দিয়ে থাকেন তা পালন করতে কর্মীরা বাধ্য থাকে। তিনি মনে করেন কর্মীদের মতামত নিয়ে কাজ করলে তারা সুবিধাপ্রবন হবে। তাই তিনি তাদের প্রতি নেতিবাচক ধারনা পোষণ করেন এবং সবসময় চাপের মুখে রাখেন। এতে কর্মীরাও জনাব পারভেজের প্রতি আস্থা হারিয়ে ফেলছেন।

ক. ব্যবসায় অর্থসংস্থান কী? ১

খ. সংগটিতকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব পারভেজের নেতৃত্বের ধরন চিহ্নিত কর। ৩

ঘ. জনাব পারভেজের অনুসৃত নেতৃত্বের ধরন তার প্রতিষ্ঠানের জন্য কী কল্যাণকর হবে বলে তুমি মনে কর। ৪

৩। ব্যবসায় বাণিজ্যের জন্য বাংলাদেশ একটি চমৎকার ক্ষেত্র। কিন্তু অসহিষ্ণু রাজনৈতিক পরিবেশের কারণে এদেশে যেমন কাম্য পরিমাণে বৈদেশিক বিনিয়োগ হয় না তেমনি দেশীয় উদ্যোক্তারাও সুষ্ঠুভাবে তাদের ব্যবসায় বাণিজ্য পরিচালনা করতে পারেন না। এ বিষয়টি এখন দেশের সব শ্রেণির ব্যবসায়ীদের চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।ব্যবসায় মহল এবং বিশিষ্টজনেরা মনে করেন, দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক ব্যবস্থার স্থিতিশীলতা ব্যতীত কোনো দেশ সামনে এগুতে পারেনা।

ক. 'হরতাল ' কোন ধরনের কর্মসূচি? ১

খ. স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ ব্যাখ্যা কর। ২

গ. রাজনৈতিক অস্থিতিশীলতা ব্যবসায় বাণিজ্যের ওপর কীরূপ প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তোমার মতে, একটি দেশের ব্যবসায় বাণিজ্যের সুষ্ঠু উন্নতির জন্য রাজনৈতিক পরিবেশ কেমন হওয়া উচিত ? বিশ্লেষণ কর। ৪

৪। নিউমার্কেট এলাকায় অনেকগুলো মনিহারি দোকান থাকলেও রাশেদের দোকানে ভিড় লেগেই থাকে। দোকানের কাজের প্রতি তার আগ্রহ ও আন্তরিকতার কোনো কমতি নেই। কাস্টমারদের সাথে সদালপী রাশেদ মনে করেন, খুচরা ব্যবসায়ের সার্বিক উন্নতির পথে বিক্রয়কর্মীর ভূমিকা প্রধান।

ক. বিক্রয়িকতা কী? ১

খ. বিক্রয়কর্মীর নৈতিক গুণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাশেদের মধ্যে একজন আদর্শ বিক্রয়কর্মীর যে গুণাগুন বিদ্যমান সেগুলো চিহ্নিত কর। ৩

ঘ. খুচরা ব্যবসায় সার্বিক উন্নতির পথে একজন বিক্রয়কর্মীর ভূমিকা প্রধান- উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫। আবুল কালাম ও আব্দুস সালাম পারস্পারিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। তারা সবসময়ই এলাকার ভোক্তাদের যে ধরণের পণ্য দরকার সে অনুয়ায়ী পণ্য সংগ্রহে সচেষ্ট থাকেন। এতে তাদের ব্যবসায়ের প্রচুর লাভ হয়। বর্তমানে তাদের ব্যবসায়ের বেশ সুনাম রয়েছে।

ক. একমালিকানা ব্যবসায় কাকে বলে? ১

খ. একমালিকানা ব্যবসায়ে সহজে গোপনীয়তা রক্ষা করা যায় কেন? ২

গ. উদ্দীপকের ব্যবসায়ের ধরনটি বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যবসায়টির সফলতায় কোন বিষয়টির ভূমিকা সবচেয়ে বেশি তা বিশ্লেষণ কর। ৪

৬। মি রাশেদ একজন শিক্ষিত বেকার যুবক। বেকারত্ব দূর করার জন্য তিনি একটি হাঁস-মুরগির খামার দেন। মূলধন অপর্যাপ্ত থাকায় তিনি একটি ব্যাংকিং প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে প্রতিষ্ঠানটি বড় করেন এবং সেখানে আরও দশ জনের কর্মসংস্থান করেন।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. কর্মসংস্থানের প্রধান উৎস কী? বর্ণনা কর। ২

গ. মি. রাশেদের প্রতিষ্ঠানের ধরন কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. রাশেদের প্রষ্ঠিানটি আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ভূমিকা রাখতে সক্ষম- মূল্যায়ন কর। ৪

৭। সাভারের রেজা নিজ উদ্যোগে কারিতাস থেকে প্রশিক্ষণ নিয়ে একটি অটোমোবাইলস মেরামত কারখানা গড়ে তুললো। গ্রাহকদের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তার পক্ষে কারখানার সব কাজ দেখাশুনা কষ্টকর হয়ে পড়লো। তাই দুটি ছেলে নিয়োগ দিয়ে স্বল্পসুদে একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়ে কারখানাটি সম্প্রসারণের কথা ভাবছেন।

ক. সকল শিল্প প্রতিষ্ঠানের মালিক কী নামে পরিচিত হন? ১

খ. উদ্যোক্তাকে নেতা বলা হয় কেন? ২

গ. রেজার মেরামত কারখানা গড়ে তোলাকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কী মনে করো রেজার কারখানায় ব্যবসায় উদ্যোগের অনুকূল পরিবেশ বিরাজমান? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

<u>খ বিভাগ: সংক্ষিপ্ত প্রশ্ন (নম্বর-৩০)</u>

৮। সংক্ষিপ্ত উত্তর দাও:

১. ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য কী?
২. কোন প্রকার নেতৃত্বে অধীনস্থরা অবাধ স্বাধীনতা ভোগ করে?
৩. বিপণনের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হল-
৪. মান অনুয়ায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে কী বলা হয়?
৫. কোন যুগে দ্রব্য বিনিময় প্রথা চালু ছিল?
৬. "শ্রমিক শ্রেণির স্বার্থরক্ষা।"-রাষ্ট্রীয় ব্যবসায়ের একটি-
৭. অংশদারি ব্যবসায়ের দায় কেমন?
৮. ভূগর্ভ থেকে কয়লা উত্তোলন কোন শিল্পের অন্তর্গত?
৯. যাত্রাবাড়ী ফ্লাইওভার তৈরি কোন শিল্পের আওতাধীন?
১০. অংশীদারী ব্যবসায় সৃষ্টি হয় কীসের মাধ্যমে?
১১. বাংলাদেশে কত সালের অংশীদারি আইন প্রচলিত?
১২. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত জন?
১৩. প্রাইভেট লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত জন?
১৪. নতুন কর্মীদের কর্ম পরিবেশের সাথে পরিচয় করে দেয় কোনটি?
১৫. কর্মীদের নৈতিক বল বৃদ্ধি পায় কোনটির মাধ্যমে?
১৬. আত্মকর্মসংস্থানের পরিসর কেমন হয়?
১৭. পেশা হিসেবে ব্যবসায় হলো-
১৮. কোন যুগে তথ্য প্রযুক্তির উন্নয়ন হয়?
১৯. কোনটি ব্যবসায়ের ঝুঁকিগত বাধা দূর করে?
২০. ব্যবসায় পরিবেশের উপাদানকে কয় ভাগে ভাগ করা যায়?
২১. উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে কোনটি?
২২. উদ্যোক্তা কোনটির মাধ্যমে সিদ্ধান্ত নিয়ে থাকেন?
২৩. সাফল্য অর্জনে উদ্যোক্তাকে কী ত্যাগ করতে হয়?
২৪. কিসের ভিত্তিতে সমবায়ের উৎপত্তি হয়েছে?
২৫. সফল উদ্যোক্তাগণ সব সময় কী পরিমাণ ঝুঁকি গ্রহণ করে থাকেন?
২৬. মোট শ্রম শক্তির মধ্যে কত অংশ যুবক-যুবতী?
২৭. বাংলাদেশে দ্রুত জনসংখ্যা বাড়ায় কিসের সৃষ্টি হচ্ছে?
২৮. যৌথ উদ্যোগে পরিচালিত ব্যবসায়ের সফলতার সম্ভাবনা কেমন?
২৯. ব্যবসায়ের জন্য সাফল্য লাভের পূর্বশর্ত কী?
৩০. কোনটি কর্মীর কর্মদক্ষতা বাড়ায়?